



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জেলি আক্তার
উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর
তারিখ: ০৯.০৭.২০২৩ খ্রি:
সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ: (হাজিরা মোতাবেক)

ক্র:নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব জেলি আক্তার ভাইস চেয়ারম্যান(মহিলা) উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর	সভাপতি	স্বাক্ষরিত 
০২	জনাব আশরাফুল আলম চেয়ারম্যান, পোগলদিঘা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মো: বোরহান উদ্দিন বাদল চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব নজরুল ইসলাম চেয়ারম্যান, পিংনা ইউনিয়ন সরিষাবাড়ী, জামালপুর	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব অনুপ সিংহ উপজেলা কৃষি অফিসার সরিষাবাড়ী, জামালপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত 


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসারকে আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচী ১: খরিফ-২ মৌসুমে আবাদকৃত আমন ধানের বন্যাসহনশীল জাত(ত্রিধান-৫১, ত্রিধান-৫২, বিনাধান-১১) কৃষক পর্যায়ে বিতরণ

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভায় অবহিত করেন যে, খরিফ-২ মৌসুমে উপজেলার বন্যাপ্রবণ এলাকা সমূহে বন্যা সহনশীল রোপা আমন ধানের জাতসমূহের বীজ কৃষক পর্যায়ে বিতরণ করলে ক্ষয়ক্ষতি হ্রাস পাবে এবং কৃষক উপকৃত হবে। উক্ত আলোচনাকে কেন্দ্র করে সভাপতি বলেন বিগত বছরে বন্যা সহনশীল জাতের ধানের বীজ কৃষক পর্যায়ে বিতরণ করায় কৃষক উপকৃত হয়েছেন। তারই ধারাবাহিকতায় চলমান আমন মৌসুমে বন্যা সহনশীল জাতের বীজ ক্রয় বাবদ বরাদ্দ প্রদানের জন্য উপজেলা পরিষদে প্রস্তাব করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেন। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:

বন্যা সহনশীল জাতের বীজ ক্রয়ের নিমিত্তে বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।



(জেলি আক্তার)

ভাইস চেয়ারম্যান(মহিলা)

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত

কমিটি


সরিষাবাড়ী, জামালপুর।

তারিখ: ০৯/০৭/২০২৩ খ্রি:

স্মারক নং ১২.০১.৩৯৮৫.০০০.০৬.০০৬.২৩-

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ৩) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৪) চেয়ারম্যান,-----ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ৫) অফিস নথি।



(অনুপ সিংহ)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত

কমিটি

সরিষাবাড়ী, জামালপুর।